বাসেত মজুমদার সবসময় আদালতকে সহযোগিতা করেছেন: প্রধান বিচারপতি

চেম্বার ডেস্ক:: প্রবীণ আইনজীবী আবদুল বাসেত মজুমদার গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে আদালতকে সবসময় সহযোগিতা করেছেন বলে উল্লেখ করলেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন।

বুধবার (২৭ অক্টোবর) সকালে এক শোকবার্তায় বাসেত মজুমদারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে এ কথা বলেন তিনি।

শোকবার্তার বিষয়টি গণমাধ্যমকে জানিয়েছেন সুপ্রিম কোর্টের স্পেশাল অফিসার ব্যারিস্টার মোহাম্মদ সাইফুর রহমান।

সদ্য প্রয়াত এ আইনজীবী সম্পর্কে তিনি বলেন, গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে তিনি (বাসেত মজুমদার) আদালতকে সবসময় সহযোগিতা করেছেন। তিনি ছিলেন সর্বজন শ্রদ্ধেয়। দরিদ্র মানুষের আইনজীবী হিসেবে তিনি ব্যাপকভাবে পরিচিত ছিলেন। জুনিয়র আইনজীবীদের সার্বক্ষণিক সহযোগিতা করেছেন। জাতি চিরকাল শ্রদ্ধাভরে তাকে স্মরণ রাখবে। ব্যক্তিগতভাবে তার সঙ্গে আমার অনেক স্মৃতি রয়েছে।

এর আগে বুধবার (২৭ অক্টোবর) সকাল ৮টার দিকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান গরিবের আইনজীবী হিসেবে পরিচিত অ্যাডভোকেট আবদুল বাসেত মজুমদার। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি দীর্ঘদিন ধরে মেরুদণ্ডের সমস্যাসহ বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। ফুসফুসের জটিলতা নিয়ে গত ২৩ অক্টোবর হাসপাতালে ভর্তি হয়েছিলেন প্রবীণ এ আইনজীবী।

এতে প্রধান বিচারপতি বলেন, বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিজ্ঞ জ্যেষ্ঠ আইনজীবী, বাংলাদেশ বার কাউন্সিলের সাবেক ভাইস চেয়ারম্যান, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি এবং সাবেক সম্পাদক অ্যাডভোকেট আবদুল বাসেত মজুমদারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি। অত্যন্ত সততা ও নিষ্ঠার সঙ্গে তিনি পেশাগত

দায়িত্ব পালন করেছেন। আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানুষের ন্যায়বিচার নিশ্চিত করতে তার অসামান্য অবদান রয়েছে।